

জরিপ : পাবনাসহ উত্তরাঞ্চলের ১৬ জেলায় ৫ লক্ষাধিক শিশু স্কুলে যায় না

নিম্নের বার্তা পরিবেশক, পাবনা

দেশের উত্তরাঞ্চলে ১৬ জেলার ৬-১০ বছর বয়সী ৫ লক্ষাধিক শিশু স্কুলে না গিয়ে বিভিন্ন পেশায় জড়িয়ে পড়েছে বলে বেসরকারি এক জরিপ থেকে জানা গেছে।

সূত্র জানায়, উত্তরাঞ্চলের ১৬ জেলায় ৬-১০ বছর বয়সী শিশুর সংখ্যা ৫২ লাখ ৩১ হাজার ৩৪৯। এর মধ্যে ৪ লাখ ৩১ হাজার ৮১৯ শিশু স্কুলে যায় না। স্কুলে ভর্তির পর ১ লাখ ১২ হাজার ৩৩০ শিশু ২/৩ মাসের মধ্যেই ঝরে পড়ে। তারা পুনরায় স্কুলে ভর্তি হয় না। তারা অধিকাংশ ভূমিহীন, বাস্তবসহায় ও দিনমজুর পরিবারের সন্তান। অফর অজ্ঞানহীন অবস্থায় তারা বেড়ে ওঠে। তারা খেটে খায় এবং সংসারের আয়ের উৎস তারাষ্ট।

সূত্র আরও জানায়, রাজশাহী বিভাগের গত বছর ৯ হাজার ২০০ সরকারি, ৬ হাজার ৯৯১টি রেজিস্টার্ড বিদ্যালয়ে ৪০ লক্ষাধিক শিশু ভর্তি হয়। এছাড়া বিভিন্ন এনস্ক্রিপ্ট

পরিচালিত ও সরকারি উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় ৫ লক্ষাধিক শিশুকে শিক্ষা দেয়া হচ্ছে। জানা যায়, উত্তরাঞ্চলে অভাবী এলাকা হিসেবে পরিগণিত পাবনা, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, প্রভৃতি জেলার প্রাথমিক শিক্ষার হার অত্যন্ত নাজুক। পাবনার ৯টি উপজেলায় ৫০-৫৫ ভাগ শিশু স্কুলগামী নয়।- অবশ্য কাগজ-কসমে অধিকাংশ শিশুই স্কুলগামী দেখানো হয়ে থাকে। গ্রাম জনপদে শিশুরা ফেত-বানারে, শহর, আশাশুন্দরে ও বিভিন্ন উপজেলায় বিভিন্ন হোটেলে-রেস্তোরাহ, ওয়েন্ডিং ওয়ার্কশপে নাম মাত্র মুজুরিতে কাজ করছে। অনেক শিশু জীবনের কৃকি নিয়ে রিকশা, ভ্যান চালিয়ে সংসারের অর্থ জোগান দিচ্ছে। এদিকে স্কুলগুলোতে লেখাপড়া না হওয়ায় নিম্নবিত্ত ও মধ্যবিত্ত পরিবার নিয়মিত প্রাইভেট পড়ানোর টাকা জোগান নিতে না পেরে অনেক অভিভাবক শেষ পর্যন্ত তার শিশু সন্তানকে স্কুলে না পাঠিয়ে সংসারের কাজে লাগাচ্ছে।